তারিখ ...... 19 APR 2017
পৃষ্ঠা ...... কলাম ......

# সংবাদ

## এইচএসসি কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণ

# দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে মন্ত্রণালয়কে চিঠি

**প্রতিনিধি, কুমিল্লা**

কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীন ২টি কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণ করায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দেয়া হয়েছে। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবদুল খালেক গত রোববার মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবরে ওই চিঠি প্রেরণ করেন। এতে দুটি কমিটির দাখিলকৃত ১৭ পাতার পৃথক তদন্ত প্রতিবেদন সংযুক্ত করা হয়। এদিকে বিতরণ হওয়া দুটি পত্রের প্রশ্ন বাতিল করে পুনরায় ছেপে গত শনিবার বোর্ডের সব কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। জানা যায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় গত বুধবার পৌরনীতি প্রথম পত্র ও জীববিজ্ঞান প্রথম পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্নের পরিবর্তে উভয় বিষয়ের দ্বিতীয় পত্রের প্রশ্ন দুটি পরীক্ষাকেন্দ্রে বিতরণ করা হয়। কেন্দ্র দুটি হচ্ছে- কুমিল্লার নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল ডিগ্রি কলেজ ও ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ। এ বিষয়ে শিক্ষা সচিবের সঙ্গে আলোচনা করে পৌরনীতি ও জীববিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্ন জরুরিভিত্তিতে ছাপার পর গত শনিবার পরীক্ষা নেয়া হয়। সূত্র জানায়, নাঙ্গলকোটের ঘটনায় বোর্ডের সচিব প্রফেসর মো. আবদুস ছালামকে আহবায়ক করে একটি এবং ব্রাহ্মণবাড়িয়ার ঘটনায় বোর্ডের কলেজ পরিদর্শক প্রফেসর মো. জামাল নাসেরকে আহ্বায়ক করে আরেকটি কমিটি গঠন করা হয়। উভয় কমিটি সরেজমিন তদন্তপূর্বক বোর্ডের চেয়ারম্যানের নিকট গত ১৩ এপ্রিল প্রতিবেদন দাখিল করে।

এ বিষয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবদুল খালেক জানান, উভয় কমিটির তদন্ত প্রতিবেদনের আলোকে প্রাথমিক ব্যবস্থা হিসেবে দায়িত্ব পালনে চরম অবহেলা, অদক্ষতা, শৈথিল্য প্রদর্শনকারী দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে তাদেরকে পরীক্ষা পরিচালনার দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং পরবর্তী পরীক্ষাগুলো গ্রহণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রে নতুন করে পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। পৌরনীতি ও জীববিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্ন ঢাকা বিজি প্রেসে নতুন করে ছেপে গত শনিবার পরীক্ষা নেয়া হয়েছে। এসব বিষয়ে দায়ীদের বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর